

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা  
গাইড হাউস, ৭ম, ১০ম তলা, নিউ বেইলী রোড, ঢাকা  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৪৪.০০১.২১.১৭১

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮

০৩ মার্চ ২০২২

বিষয়: নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন সুন্দর খাতা শফিকুল গাণী স্বপন বহুমুখী ফাজিল মাদ্রাসায় কর্মরত প্রভাষক (ইসলামের ইতিহাস) জনাব MD. MOHIBUL ISLAM এর নাম এমপিও শীটে সংশোধনের আবেদনের প্রেক্ষিতে সরেজমিনে যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) জেলা শিক্ষা অফিস, নীলফামারী এর অগ্রায়ন তারিখঃ ০১/০৩/২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন সুন্দর খাতা শফিকুল গাণী স্বপন বহুমুখী ফাজিল মাদ্রাসায় কর্মরত প্রভাষক (ইসলামের ইতিহাস) জনাব MD. MOHIBUL ISLAM এর এমপিও শীটে নাম সংশোধনের আবেদন নিম্নের ছকের বিবরণ অনুযায়ী জেলা শিক্ষা অফিসার, নীলফামারী কর্তৃক সূত্রে বর্ণিত ০১ নং স্মারকে অত্র অধিদপ্তরে অগ্রায়ন করা হয়।

ক্রম	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	এমপিও শীটে বিদ্যমান নাম	আবেদনকারীর প্রার্থী নাম
০১	জনাব মো: মহিবুল ইসলাম (ইনডেক্স-K2103326), প্রভাষক (ইসলামের ইতিহাস), সুন্দর খাতা শফিকুল গাণী স্বপন বহুমুখী ফাজিল মাদ্রাসা, ডিমলা, নীলফামারী।	MD. MOHIBUL ISLAM	MD. MAJEDUL ISLAM

০২। উক্ত মাদ্রাসার এমপিও শীটে K2103326 ইনডেক্স এর বিপরীতে MD. MOHIBUL ISLAM নাম মুদ্রণ রয়েছে কিন্তু আবেদনকারীর প্রার্থী নাম MD. MAJEDUL ISLAM দুই নামের মধ্যে ভিন্নতা পরিলক্ষিত হচ্ছে বিধায় দুই নামের ব্যক্তি একই কি না এবং তাঁর প্রকৃত নাম কি (বাংলায় ও ইংরেজিতে) তা যাচাই করা প্রয়োজন।

০৩। এমতাবস্থায় আবেদনকারীর সঠিক নাম কোনটি (বাংলায় ও ইংরেজিতে), উল্লিখিত দুই নামের ব্যক্তি একই ব্যক্তি কি না, দাবীকৃত নামের ব্যক্তিই প্রকৃত নিয়োগপ্রাপ্ত/চাকুরীরত কিনা, আবেদনকারীর SSC/দাখিল সনদপত্রে এবং জাতীয় পরিচয়পত্রে উল্লিখিত নাম ও নম্বর উল্লেখসহ সরেজমিনে প্রতিকার প্রার্থীর ব্যক্তিগত উপস্থিতিতে তিনি নিজে(UNO) কিংবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সংশ্লিষ্ট পৌরসভা/সিটি কর্পোরেশন এর কাউন্সিলর এর মাধ্যমে সরেজমিনে যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে সাত (০৭) ফর্দ।

৩-৩-২০২২

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক

উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা, নীলফামারী।

ফোন: ০২-৪১০৩০১৫৯

ফ্যাক্স: ৪১০৩০১২৫

ইমেইল: dgdmeb@gmail.com

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৪৪.০০১.২১.১৭১/১(২)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮  
০৩ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি/অধ্যক্ষ/প্রতিকার প্রার্থী, সুন্দর খাতা শফিকুল গাণী স্বপন বহুমুখী ফাজিল মাদ্রাসা, ডিমলা, নীলফামারী।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



৩-৩-২০২২

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক